গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস, চরভদ্রাসন, ফরিদপুর
ও
সীমানা নির্ধারণ কর্মকর্তার কার্যালয়
চরঝাউকান্দা ইউনিয়ন।

স্মারক নং-৩১.১২.২৯২১.০০০.২৮.০২১.২১-২৮৫

তারিখ ঃ ০৪ নভেম্বর ২০২১ খ্রি.
১৯ কার্তিক ১৪২৮ বাং

## চূড়ান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা ফরিদপুর জেলাধীন চরভদ্রাসন উপজেলার চরঝাউকান্দা ইউনিয়নের সর্বসাধারণ ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পদ্মা নদী ভাঙ্গনের কারণে এ উপজেলার চরঝাউকান্দা ইউনিয়নের বিদ্যমান ০৯টি ওয়ার্ড এবং সংরক্ষিত ০৩টি ওয়ার্ড পুনর্গঠনের লক্ষ্যে গত ১৮/০৮/২০২১ খ্রি. তারিখের ৩১.১২.২৯২১.০০০.২৮.০২১.২১-১৯৫ নং স্মারকে ওয়ার্ডসমূহের প্রাথমিক তালিকা প্রকাশ করা হয়। প্রকাশিত তালিকার বিরুদ্ধে প্রাপ্ত আপত্তির বিষয়টি উপজেলা নির্বাহী অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর মহোদয়ের তদন্তে সঠিক মর্মে প্রমাণিত হওয়ায় তাঁর কার্যালয়ের গত ২৮/০৯/২০২১ খ্রি. তারিখের ০৫.১২.২৯২১.০০০.২৮.০১৫.২০-৫২৪ নং স্মারকে সংশোধিত বিজ্ঞপ্তি প্রকাশ করার জন্য অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে একার্যালয়ের গত ০৩/১০/২০২১ খ্রি. তারিখের ৩১.১২.২৯২১.০০০.২৮.০২১.২১-২২৭ নং স্মারকে চরঝাউকান্দা ইউনিয়নের বিদ্যমান ০৯টি ওয়ার্ড এবং সংরক্ষিত ০৩টি ওয়ার্ড পুনর্গঠনের বিষয়ে ওয়ার্ডসমূহের সংশোধিত তালিকা প্রকাশ করা হয়। প্রকাশিত সংশোধিত তালিকার বিরুদ্ধে আপত্তি থাকিলে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জেলা প্রশাসক, ফরিদপুর মহোদয়ের বরাবরে লিখিতভাবে আপিল দায়ের করার জন্য অনুরোধ করা হয়। কিন্তু নির্ধারিত সময়ের মধ্যে প্রকাশিত তালিকার বিরুদ্ধে কোন ব্যক্তি/ব্যক্তিবর্গ কর্তৃক আপিল দায়ের হয়নি।

এমতবস্থায়, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ১৩ (৮) ধারা মোতাবেক প্রতিটি ওয়ার্ডে অর্ন্তভুক্ত এলাকাসমূহ উল্লেখ করিয়া ওয়ার্ডসমূহের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হলো।

সংযুক্ত: ০৯টি ওয়ার্ড ও সংরক্ষিত ৩টি ওয়ার্ডের সীমানা পুনর্গঠনের চূড়ান্ত তালিকা-০১ পাতা

**স্থান : চরভদ্রাসন, ফরিদপুর।**
**তারিখ : ০৪ নভেম্বর ২০২১ (বৃহস্পতিবার)**

০৪/১১/২১
(মোঃ জিল্লুর রহমান)
সহকারী কমিশনার (ভূমি)
চরভদ্রাসন, ফরিদপুর
ও
সীমানা নির্ধারণ কর্মকর্তা
চরঝাউকান্দা ইউনিয়ন

স্মারক নং-৩১.১২.২৯২১.০০০.২৮.০২১.২১-২৮৫

তারিখ ঃ ০৪ নভেম্বর ২০২১ খ্রি.
১৯ কার্তিক ১৪২৮ বাং

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।
১। জেলা প্রশাসক, ফরিদপুর।
২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ফরিদপুর অঞ্চল, ফরিদপুর।
৩। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, ফরিদপুর।
৪। উপজেলা নির্বাহী অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর।
৫। অফিসার ইনচার্জ, চরভদ্রাসন থানা, ফরিদপুর।
৬। জনাব ............................................................, সহকারী সীমানা নির্ধারণ কর্মকর্তা, চরঝাউকান্দা ইউনিয়ন, চরভদ্রাসন, ফরিদপুর।
৭। সচিব, চরঝাউকান্দা ইউনিয়ন পরিষদ, চরঝাউকান্দা, চরভদ্রাসন, ফরিদপুর। চেয়ারম্যানসহ সকল জনপ্রতিনিধি ও এলাকাবাসীকে বিষয়টি অবহিতকরণ এবং জনগুরুত্বপূর্ণ স্থানে টাঙ্গানোর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৮। জনাব ............................................................, (স্থানীয় গণ্যমান্য ব্যক্তি), চরঝাউকান্দা ইউনিয়ন, চরভদ্রাসন, ফরিদপুর।
৯। প্রধান শিক্ষক/সুপার, ............................................................, বিদ্যালয়/মাদ্রাসা চরঝাউকান্দা, চরভদ্রাসন। বিষয়টি এলাকাবাসীকে অবহিতকরণসহ দৃশ্যমান স্থানে টাঙ্গানোর জন্য অনুরোধ করা হলো।

০৪/১১/২১
(মোঃ জিল্লুর রহমান)
সহকারী কমিশনার (ভূমি)
চরভদ্রাসন, ফরিদপুর।

## চরভদ্রাসন উপজেলাধীন চরঝাউকান্দা ইউনিয়নের পুনর্গঠিত ওয়ার্ডসমূহের চূড়ান্ত তালিকাঃ

জেলাঃ ফরিদপুর,     উপজেলার নামঃ চরভদ্রাসন,     ইউনিয়নের নামঃ চরঝাউকান্দা

| ওয়ার্ড নম্বর | ওয়ার্ডের চৌহদ্দী | ওয়ার্ডের অন্তর্ভুক্ত গ্রাম | সংরক্ষিত ওয়ার্ড | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | **পূর্ব**-আলমগীরের গ্রাম পর্যন্ত<br>**পশ্চিম**-নুর ইসলাম ফকিরের রাস্তা পর্যন্ত<br>**উত্তর**-মির্জাপুর গ্রাম পর্যন্ত<br>**দক্ষিণ**-দক্ষিণ চরকল্যাণপুর গ্রাম পর্যন্ত | উত্তর চরকল্যাণপুর | সংরক্ষিত ওয়ার্ড নং-০১ (সাধারণ ওয়ার্ড-০১, ০২ ও ০৩ নং এর সীমানা) | নুরা মাতুব্বর ডাঙ্গী ও লতিফ মৃধার ডাঙ্গী ভোটার উত্তর চরকল্যাণপুর আসবে |
| ০২ | **পূর্ব**-হকুম আলী চোকদার সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সামনের খাল পর্যন্ত<br>**পশ্চিম**-লস্কর গ্রাম পর্যন্ত<br>**উত্তর**-উত্তর চরকল্যাণপুর সীমানা পর্যন্ত<br>**দক্ষিণ**-পদ্মা নদীর পাড় পর্যন্ত | দক্ষিণ চরকল্যাণপুর | | মোল্যা ডাঙ্গী ভোটার দক্ষিণ চরকল্যাণপুর আসবে |
| ০৩ | **পূর্ব**-মুজিব কেল্লা পর্যন্ত<br>**পশ্চিম**-আলমগীরের গ্রাম পর্যন্ত<br>**উত্তর**-পদ্মা নদীর পাড় পর্যন্ত<br>**দক্ষিণ**-গোপালপুর কোলপাড় পর্যন্ত | চর গোপালপুর | | ধনাই মৃধার ডাঙ্গী (পূর্ব) ও ধনাই মৃধার ডাঙ্গী (পশ্চিম) ভোটার চরগোপালপুর আসবে |
| ০৪ | **পূর্ব**-চর তাহেরপুর বিল্লালের বাড়ী পর্যন্ত<br>**পশ্চিম**-হকুম আলী চোকদার সরকারী প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত<br>**উত্তর**-খাজাপাড় পর্যন্ত<br>**দক্ষিণ**-পদ্মা নদীর পাড় পর্যন্ত | চর তাহেরপুর | সংরক্ষিত ওয়ার্ড নং-০২ (সাধারণ ওয়ার্ড-০৪, ০৫ ও ০৬ নং এর সীমানা) | হালিম ফকিরের ডাঙ্গী ও ফালু ফকিরের ডাঙ্গী ভোটার চরতাহেরপুর আসবে |
| ০৫ | **পূর্ব**- দিয়ারা গোপালপুর পর্যন্ত<br>**পশ্চিম**- চরশালেপুর পর্যন্ত<br>**উত্তর**-পদ্মা নদীর পাড় পর্যন্ত<br>**দক্ষিণ**-কোলপাড় পর্যন্ত | মির্জাপুর | | মুন্সী ডাঙ্গী ও গুচ্ছ গ্রাম ভোটার মির্জাপুর আসবে |
| ০৬ | **পূর্ব**-শহর মোল্লার ডাঙ্গী পর্যন্ত<br>**পশ্চিম**-ঝাউকান্দা পর্যন্ত<br>**উত্তর**-বিলাশপুর সীমানা পর্যন্ত<br>**দক্ষিণ**-দক্ষিণ নবাবগঞ্জ পর্যন্ত | ১। উত্তর নবাবগঞ্জ (মনা মোল্লার ডাঙ্গী)<br>২। ছাহের মোল্যার ডাঙ্গী | | |
| ০৭ | **পূর্ব**-রেজী চোকদারের ডাঙ্গী পর্যন্ত<br>**পশ্চিম**-মনা মোল্যার ডাঙ্গীর সীমানা পর্যন্ত<br>**উত্তর**-বিলাশপুর পর্যন্ত<br>**দক্ষিণ**-পদ্মা নদীর পাড় পর্যন্ত | শহর মোল্লার ডাঙ্গী | সংরক্ষিত ওয়ার্ড নং-০৩ (সাধারণ ওয়ার্ড-০৭, ০৮ ও ০৯ নং এর সীমানা) | |
| ০৮ | **পূর্ব**-চৌধুরী ডাঙ্গী পর্যন্ত<br>**পশ্চিম**-শহর মোল্লার ডাঙ্গী পর্যন্ত<br>**উত্তর**-পদ্মার নদীর পাড় পর্যন্ত<br>**দক্ষিণ**-মোহন চোকদার ডাঙ্গী পর্যন্ত | রেজি চোকদারের ডাঙ্গী | | |
| ০৯ | **পূর্ব**-বুড়ির চর পর্যন্ত<br>**পশ্চিম**- রেজি চোকদারের ডাঙ্গী সীমানা পর্যন্ত<br>**উত্তর**-পদ্মা নদীর পাড় পর্যন্ত<br>**দক্ষিণ**-চার আনির ট্যাক পর্যন্ত | চৌধুরী ডাঙ্গী | | |

০৪/১১/২১
(মোঃ আবু বকর ছিদ্দীক)
ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা
ইউনিয়ন ভূমি অফিস
চরভদ্রাসন, ফরিদপুর
ও
সরকারী ডেলিমিটেশন কর্মকর্তা
চরঝাউকান্দা ইউনিয়ন

০৪/১১/২১
(মোঃ রাকিবুল হাসান)
সার্ভেয়ার
উপজেলা ভূমি অফিস
চরভদ্রাসন, ফরিদপুর
ও
সরকারী ডেলিমিটেশন কর্মকর্তা
চরঝাউকান্দা ইউনিয়ন

০৪.১১.২১
(আবদুল্লাহ আল মামুন বাধন)
উপজেলা প্রকৌশলী
চরভদ্রাসন, ফরিদপুর
ও
সরকারী ডেলিমিটেশন কর্মকর্তা
চরঝাউকান্দা ইউনিয়ন

০৪/১১/২১
(মোঃ জিল্লুর রহমান)
সহকারী কমিশনার (ভূমি)
চরভদ্রাসন, ফরিদপুর
ও
সীমানা নির্ধারণ কর্মকর্তা
চরঝাউকান্দা ইউনিয়ন